জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০১.১৭-২৮৬

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

বিষয় : অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : বিপিএসসি এর স্মারক নং-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৩-৭৩(১১), তারিখঃ ০২-০৩-২০২৩।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪
ই-মেইলঃ sasadmin@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি:

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২। উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

E:\Doc\P.S.C uni.doc

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১৮.০৫৭.০৫(৩য় খন্ড)-৬৪০ (২৫)  তারিখঃ ২০/০৬/২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থে আদিষ্ট হয়ে সংলগ্নীসহ প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/ টেকনিক্যাল সার্ভিসেস উইং/যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন /কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা /সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/মাতারবাড়ী বন্দর উন্নয়ন শীর্ষক প্রকল্প (সওজ অংশ)/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর রোড ট্রান্সপোর্ট কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট প্রি-পারেটরী ফ্যাসিলিটি (RTCIPPF) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ঢাকা /সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪-লেনে উন্নীতকরণ, ঢাকা/ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প /সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/সার্পোট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প, ঢাকা/কুমিল্লা (ময়নামতি)-ব্রাহ্মণবাড়ীয়া (ধরখার) জাতীয় মহাসড়ককে (এন-১০২) চার লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প।

৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (ভিত্তিতে), হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখের জায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প/সাইনবোর্ড-মোড়লগঞ্জ-রায়েন্দা-শরণখোলা-বগী সড়কের (আর-৭৭৩) ১৭তম কিলোমিটারে পানগুচি নদীর উপর পানগুচি সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/বরিশাল (দিনেরারপুল)-লক্ষ্মীপাশা-দুমকি সড়ক (জেড-৮০৪৪) এর ২৭তম কিলোমিটারে পান্ডব পায়রা নদীর উপর নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/ময়মনসিংহ কেওয়াটখালী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গল্লামারী-বাটিয়াঘাটা-দাকোপ-নলিয়ান ফরেস্ট সড়ক (জেড-৭৬০৬) এর ২৮তম কিলোমিটারে চুনকুড়ি নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ, .......................

৫। সিনিয়র সিষ্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক, সওজ, .................... (সকল)।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২০/৬
(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব | |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | |
| অতিরিক্ত সচিব (এস্টেট) | |
| অতিরিক্ত সচিব (বাজেট) | |
| অতিরিক্ত সচিব (আঃ ট্রা | |
| অতিরিক্ত সচিব (পরিক | |
| ✓ | যুগ্মসচিব (প্রশাসন) |
| যুগ্মসচিব (আইন) | |
| একান্ত সচিব | |

ডায়েরী নম্বর: ২৫০০
তারিখ: 07 MAR 2023
স্বাক্ষর:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৩-৭৩ (১১) তারিখঃ ০২.০৩.২০২৩

**বিষয় : অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।**

| | |
|---|---|
| ১১ | সচিব<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন- ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/ অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/ অকারিগরি] কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এর বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য অবশ্যই আগামী ০৯ মার্চ ২০২৩ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ৩০ মার্চ ২০২৩ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে কমিশনের ওয়েবসাইটে অনলাইনে আবেদনপত্র [সফট কপি] নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের প্রিন্টেড এক কপি (হার্ড কপি) প্রার্থী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সিল ও স্বাক্ষরের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং এক কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৩ এপ্রিল ২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র [কারণ যাই হোক না কেন] বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয় এবং আবশ্যকীয় এ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন। আবেদন করার লিংক: www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd

৩. এ সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করত: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তির ১ (এক) কপি।

০২/০৩/২০২৩


মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
পরিচালক (উপসচিব)
ফোন : ৫৫০০৬৬২৫
ই-মেইল : directorunit04@bpsc.gov.bd


প্রশাসন অনুবিভাগ

| | |
|---|---|
| | প্রশাসন অধিশাখা |
| ✓ | প্রশাসন শাখা |
| | বিআরটিসি শাখা |
| | তদন্ত ও শৃঙ্খলা শাখা |
| | কাউন্সিল অফিসার |
| | আইসিটি ইউনিট |

ডাইরী নম্বর: ৪৪৭
তারিখ: ০৭/০৩/২০২৩
স্বাক্ষর:

প্রশাসন শাখা
ডাইরী নম্বর: ৫৭
তারিখ: ০৯-০৩-২৩

m/nizam/DI.Exa.1st2007-A.428

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৩-৭২ তারিখঃ ০২.০৩.২০২৩

বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩, অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০২. আগামী ০৯ মার্চ ২০২৩ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ৩০ মার্চ ২০২৩ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর প্রিন্টেড ১ কপি [হার্ড কপি] সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৩ এপ্রিল ২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদন (হার্ডকপি) বাতিল হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে, অন্যথায় তা বাতিল হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল হবে। বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে যেন কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত না হন সে দিকে সজাগ দৃষ্টি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৩. যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত [এন-ক্যাডার] করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল হবে।

০৪. অনলাইনে আবেদনপত্র [অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার ফরম] পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ
বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবাhttp://bpsc.teletalk.com.bd ওপেন করে অনলাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে বিভাগীয় পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে: Application for departmental examination cadre/Non Cadre ⇨ Session ⇨ June-2023 ⇨ Cadre/ Non Cadre Name ⇨ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form-এ ৪ (চার)টি Section রয়েছে, Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Departmental (Cadre/Non Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সুক্ষভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য পরীক্ষার্থীদের National ID নম্বর, ছবির ইমেজ ৩০০X৩০০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ১০০ কেবি'র কম এবং স্বাক্ষরের ইমেজ ৩০০X ৮০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ৬০ কেবি'র কম হতে হবে। পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে প্রবেশপত্র প্রিন্ট করে সংগ্রহ করতে হবে।

০৫. অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে ৫৫০০৬৭১৩ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। জটিলতা এড়ানোর লক্ষ্যে অপেক্ষা না করে দ্রুত আবেদনপত্র দাখিলের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।

০২/০৩/২০২৩

মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
পরিচালক (উপসচিব)
ফোন : ৫৫০০৬৬২৫
ই-মেইল : directorunit04@bpsc.gov.bd